



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

স্মারক নং- ০১(৮৯৪)জাতীয়বিঃ/প্রশাঃ/২০১০(অংশ-৮)/১/০৯

তারিখ : ২৮ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ
১২ জুলাই ২০২১ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত স্থায়ী শূন্য পদসমূহে নিয়োগের লক্ষ্যে জনসূত্রে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে Online-এ আবেদন আহবান করা যাইতেছে :

ক্রমিক নং	পদের নাম, বেতন স্কেল (গ্রেড) পদের সংখ্যা এবং বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	প্রধান প্রকৌশলী বেতন স্কেল : ৫৬৫০০-৭৪৪০০ (গ্রেড-৩) পদের সংখ্যা : ০১ (এক) বয়স : সর্বনিম্ন ৪৫ বৎসর (আবেদন করার শেষ তারিখে)	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইঞ্জিনিয়ারিং কলেজ সিভিল/মেকানিক্যাল/ ইইই ইঞ্জিনিয়ারিং-এ ন্যূনতম স্নাতক ডিগ্রী; এবং সরকারি বা বিধিবদ্ধ সংস্থায়/পাবলিক বিশ্ববিদ্যালয়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী/সমমান পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসহ নবম গ্রেড ও তদুর্ধ্ব গ্রেডের পদে ন্যূনতম ১৫ (পনের) বৎসরের অভিজ্ঞতা।
২	পরিচালক (আঞ্চলিক কেন্দ্র) (রাজশাহী আঞ্চলিক কেন্দ্রের জন্য) বেতন স্কেল : ৫৬৫০০-৭৪৪০০ (গ্রেড-৩) পদের সংখ্যা : ০১ (এক) বয়স : সর্বনিম্ন ৪৫ বৎসর (আবেদন করার শেষ তারিখে)	যে কোন বিষয়ে ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী; তবে অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে ২য় বিভাগের স্নাতকসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী গ্রহণযোগ্য হইবে; এবং সরকারি বা বিধিবদ্ধ সংস্থায়/পাবলিক বিশ্ববিদ্যালয়ে ৫ম গ্রেডের পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসহ নবম গ্রেড ও তদুর্ধ্ব গ্রেডের পদে শিক্ষা প্রশাসন/একাডেমিক কাজে ন্যূনতম ১৫ (পনের) বৎসরের অভিজ্ঞতা। শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নহে; এবং কম্পিউটার পরিচালনায় পারদর্শিতা থাকিতে হইবে।
৩	চীফ মেডিকেল অফিসার বেতন স্কেল : ৫৬৫০০-৭৪৪০০ (গ্রেড-৩) পদের সংখ্যা : ০১ (এক) বয়স : ৪৫-৫৫ বৎসর (আবেদন করার শেষ তারিখে)	এমবিবিএস ডিগ্রীধারী হইতে হইবে। কোন সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে মেডিকেল অফিসার পদে ১৫ (পনের) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে। শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নহে; উচ্চতর ডিগ্রী/প্রশিক্ষণ/যোগ্যতাসম্পন্ন প্রার্থীরা অগ্রাধিকার পাইবেন।

শর্তাবলী :

- অগ্রহী প্রার্থীদের আগামী ১৪-০৮-২০২১ তারিখ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nubd.info/jobs এ Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করিতে হইবে। উক্ত Application Form ও নিয়োগ বিজ্ঞপ্তি ১৪-০৭-২০২১ তারিখ হইতে বর্ণিত ওয়েবসাইটে পাওয়া যাইবে।
- চাকুরীরত প্রার্থীদেরকে তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করিতে হইবে। প্রার্থীদেরকে সকল পরীক্ষা পাশের সনদপত্র, অভিজ্ঞতা সনদপত্র, জাতীয় পরিচয় পত্র, জাতীয়তা সনদপত্র, চাকুরীরত

হলে কর্তৃপক্ষের অনুমতি পত্র-এর কপি User ID ও Password দিয়ে Login করে Online Application Form-এর নির্ধারিত অংশে Upload করিতে হইবে।

৩. **Online Application Form**-এর প্রিন্ট কপিসহ সকল ডকুমেন্টস্-এর সত্যায়িত কপি ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে/হাতে হাতে ১৪-০৮-২০২১ তারিখ পর্যন্ত অফিস সময়ের মধ্যে রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪ ঠিকানায় পৌঁছাইতে হইবে। অন্যথায় আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।
৪. রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে সোনালী ব্যাংকের যে কোন শাখায় বর্ণিত প্রতি পদের জন্য ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা সোনালী সেবার পে-স্লিপ-এর মাধ্যমে জমা দিতে হইবে।
পে-স্লিপ সংগ্রহ ও জমাদানের নিয়মাবলী :
জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nubd.info/jobs এ Online Application Form যথাযথভাবে পূরণপূর্বক Submit করার পর User ID ও Password দিয়ে Login করে Pay-slip ডাউনলোড করে সোনালী সেবার মাধ্যমে সোনালী ব্যাংকের যেকোন শাখায় জমা দিতে হইবে।
Online Application Form পূরণের নির্ধারিত তারিখ ও সময়ের পরে টাকা জমা দিলে সে দায়-দায়িত্ব ব্যাংক অথবা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বহন করিবে না।
৫. আবেদন করার শেষ তারিখে (১৪-০৮-২০২১) প্রার্থীদের বয়স উল্লেখ করিতে হইবে।
৬. প্রার্থীদের নিয়োগ সংক্রান্ত সকল পরীক্ষা/নির্বাচনী বোর্ড-এর তারিখ ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে পত্র মারফত/SMS-এর মাধ্যমে/বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট-এর মাধ্যমে জানানো হইবে। এ সকল পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।
৭. সাক্ষাৎকারের সময় সকল মূল সনদ ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র সঙ্গে আনিতে হইবে।
৮. নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচিত হইবে।
৯. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।
১০. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করিবে।
১১. রিট পিটিশন নং- ৫১২৫/২০০৪ এ মহামান্য হাইকোর্ট বিভাগের ২০-০২-২০১২ তারিখের ঘোষিত রায় ও নির্দেশনার আলোকে যাহাদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের চাকুরীর অবসান হইয়াছে তাহারা সংশ্লিষ্ট পদে আবেদন করিতে পারিবেন এবং বিজ্ঞাপিত পদের জন্য নির্ধারিত বয়সসীমার সর্বোচ্চ সীমা তাহাদের ক্ষেত্রে শিথিল করা হইবে। তবে বিজ্ঞাপিত পদে বিধি অনুযায়ী প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য যোগ্যতা ও শর্তাবলী তাহাদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

ভাইস-চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে

(মোল্লা মাহফুজ আল-হোসেন)
রেজিস্ট্রার
জাতীয় বিশ্ববিদ্যালয়